# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً)

পরিচ্ছেদঃ আমরা যা উল্লেখ করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

ذِكْرُ خَبَرٍ ثَانٍ يَدُلُّ عَلَى صِحَّةِ مَا ذكرناه

আরবী

3077 ـ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الْحُبَابِ قَالَ: حَدَّثَنَا أَبُو الْوَلِيدِ قَالَ: أَخْبَرَنَا شُعْبَةُ عَنِ الشَّيْبَانِيِّ عَنِ الشَّعْبِيِّ قَالَ:
أَخْبَرَنِي مَنْ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم على قبر مَنْبُوذٍ فصفَّهُم خَلْفَهُ
قُلْتُ: مَنْ أَخْبَرَكَ؟ قَالَ: ابن عباس.
الراوي : الشَّعْبِيّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 3077 | خلاصة حكم المحدث: صحيح

বাংলা

৩০৭৭. ইমাম শা‘বী রহিমাহুল্লাহ বলেন, “আমাকে এমন ব্যক্তি হাদীস বর্ণনা করেছেন, যিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাথে একটি পৃথক কবরের উপর জানাযার সালাত আদায় করেছেন। অতঃপর তিনি তাদেরকে তাঁর পিছনে কাতারবন্দি করেন।”

অধঃস্তন রাবী বলেন, “আপনাকে কে হাদীস বর্ণনা করেছেন?” জবাবে তিনি বলেন, “আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা।” [1]

ফুটনোট

[1] সহীহুল বুখারী: ৮৫৭; সহীহ মুসলিম: ৯৫৪; নাসাঈ: ৪/৮৫; সুনান বাইহাকী: ৪/৪৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা

নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা‘লীকাতুল হিসান: ৩০৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শা‘বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92407

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন